

তারিখ: ২০.০৩.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/তারা বাংলা/ বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: দীর্ঘ এক বছর অতিবাহিত হলেও তনু হত্যার ঘটনায় সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচারের বিষয়টি সুরাহা না হওয়ায় পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করে ন্যায়বিচার প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, প্রশাসনের নিকট দাবী জানিয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি প্রসঙ্গে।

২০১৬ সালে মার্চ মাসের এই দিনে কুমিল্লা সেনানীবাসের সুরক্ষিত এলাকার ভেতরে কলেজছাত্রী তনুকে নির্যাতন ও হত্যা করে লাশ ফেলে রাখা হয়েছিল। আজ ২০ মার্চ, ২০১৭ তারিখ তনু হত্যার ঘটনার পর এক বছর অতিবাহিত হলেও এখন পর্যন্ত সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচারের বিষয়টি সুরাহা হয়নি। তনু হত্যার ঘটনায় সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচারের বিষয়টি সুরাহা না হওয়ায় প্রশাসন প্রভাবিত কিনা এ বিষয়ে জনমনে প্রশ্ন দেখা দিয়েছে। তনুর পরিবারের সদস্যরা উদ্বেগ, উৎকর্ষা ও হতাশাসহ নানা ধরনের সমস্যার মধ্যে রয়েছেন। তনুর পরিবারের সদস্যদের মতো আমরাও উদ্বেগ, উৎকর্ষিত ও দুশ্চিন্তাগ্রস্ত। তনু হত্যার সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচারের বিষয়ে আমাদের মনেও প্রশ্ন দেখা দিয়েছে। বাংলাদেশ মহিলা পরিষদসহ বিভিন্ন নারী মানবাধিকার সংগঠন সারা দেশবাসী তনু হত্যার ঘটনার বিচারের দাবীতে সোচ্চার হওয়া সত্ত্বেও তনু হত্যার সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার না হলে জনমনে নানা প্রশ্নের জন্ম দিতে পারে।

বাংলাদেশ মহিলা পরিষদ তনুর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে অবিলম্বে তনু হত্যার ঘটনার সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার দাবী করছে। বাংলাদেশ মহিলা পরিষদ মনে করে তনু হত্যার সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার প্রতিষ্ঠা নারী নির্যাতন প্রতিরোধের ক্ষেত্রে ন্যায়বিচার প্রতিষ্ঠার ঘটনা হিসেবে বিবেচিত হবে। বাংলাদেশ মহিলা পরিষদ সমগ্র নারী সমাজের পক্ষ থেকে সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রশাসনের সকলের প্রতি আহ্বান জানাচ্ছে। সেইসাথে তনুর পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে প্রশাসনসহ আমাদের সকলের তাদের অর্থনৈতিক ও অন্যান্য সমস্যা সমাধানে আমাদের সকলের পাশে দাঁড়াতে হবে।

ধন্যবাদসহ-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ